কাথুলিতে শির্ক্ষাথী ঝরে পড়া রোধ ও শিক্ষার মান উন্নয়নে সমন্বয় সভা অনুষ্ঠিত

বিদ্যালয় থেকে শির্ক্ষাথী ঝরে পড়া রোধ ও শিক্ষার মান উন্নয়নে, অভিভাবক, শিক্ষক, স্কুল ব্যবস্থাপনা কমিটি ও গ্রাম উন্নয়ন দলের সমন্বয় সভা বৃহস্পতিবার সকালে গাংনী উপজেলার ধলা মাধ্যমিক বিদ্যালয় অনুষ্ঠিত হয়েছে।
ধলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন জাতীয় কন্যা শিশু ও এ্যাডভোকেসি ফোরামের মেহেরপুর জেলা শাখার ও সিরাজুল ইসলাম।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন প্রাম উন্নয়ন দলের সভাপতি ফজলুল হক কাবুল হোসেন, স্থানীয় কাথুলি ইউনিয়ন পরিষদের সদস্য আনারুল ইসলাম। উপস্থিত ছিলেন ভি,ডি,টি, নারী নেত্রী, ও ইয়ুথ সদস্য বৃন্দ।
শিক্ষার্থী ঝরে পড়া রোধে এবং বাল্য বিবাহ প্রতিরোধে অভিভাবকদের সচেতনতা বৃদ্ধি এবং নিয়মিত বিদ্যালয় কর্তৃপক্ষের সাথে যোগাযোগ বৃদ্ধি করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
সমন্বয় সভায় দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর কাথুল ইউনিয়ন সমন¦য়ক মো: বাশার উপস্থিত ছিলেন।

মটমুড়া ইউনিয়ন পরিষদে জনঅংশগ্রহণ মূলক পরিকল্পনা কর্মশালা অনুষ্ঠিত

এসডিজি ইউনিয়ন গড়ে তোলার লক্ষ্যে প্রত্যাশা ভিত্তি¦ক জন অংশগ্রহণমূলক পরিকল্পনা কর্মশালা আজ বৃহস্পতিবার সকালের দিকে